দৈনিক বাংলা

তারিখ 13 OCT 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

# জা'নগর ভার্সিটি ঃ কর্মবিরতি তুলে নিন ঃ শিক্ষকদের প্রতি ফেডারেশন

ভার্সিটি রিপোর্টার ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ছাত্র-ছাত্রীদের কথা বিবেচনা করে কর্মবিরতির কর্মসূচী প্রত্যাহারের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতি এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার উপযুক্ত পরিবেশ সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল মঙ্গলবার ফেডারেশনের সভাপতি মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এই সভা অনুষ্ঠিত হয়। এর আগে বিশ্ববিদ্যালয় ক্লাবে শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের নেতৃবৃন্দ বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সরকারী আশ্বাস সত্ত্বেও গত কয়েকদিনে শিক্ষাঙ্গনে পরিবেশের আরো অবনতি হয়েছে। প্রসঙ্গত তারা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে গত ১৯ সেপ্টেম্বর সংঘটিত ঘটনা এবং এর প্রেক্ষিতে ঢাকা, চট্টগ্রাম,

( ৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## জা'নগর ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

খুলনাসহ দেশের বিভিন্ন স্থানে বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহে সংঘটিত ঘটনাবলীতে উদ্বেগ প্রকাশ করেন। তারা এ সকল ঘটনার সাথে জড়িতদের গ্রেফতার ও বিচার দাবী করেন।

ফেডারেশনের নেতৃবৃন্দ রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ঘোষিত কর্মবিরতির কর্মসূচীর প্রতি সমর্থন জ্ঞাপন করেন। কয়েকদিন আগে সিন্ডিকেটের সভায় ভাইস চ্যান্সেলরের কাস্টিং ভোটে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্তের প্রেক্ষিতে নেতৃবৃন্দ বলেন, সংশ্লিষ্ট সকলের নিরাপত্তা বিধান এবং সন্ত্রাসীদের গ্রেফতার করা সম্ভব না হওয়া পর্যন্ত শিক্ষক সমিতি তাদের কর্মসূচী চালিয়ে যাবে।

সাংবাদিক সম্মেলনে অভিযোগ করা হয়, একটি মহল আজ ধর্মের অপব্যাখ্যা দিয়ে সরলমনা জনগণকে ধোঁকা দেয়ার চেষ্টা করছে। তারা সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ধ্বংস করার ষড়যন্ত্রে লিপ্ত। নেতৃবৃন্দ গণতন্ত্রের স্থায়িত্ব, রাজনৈতিক ও সামাজিক স্থিতিশীলতা এবং শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে এই মহলকে প্রতিরোধ করতে এগিয়ে আসার জন্য সরকার ও বিরোধী দল—সব মহলের প্রতি আহ্বান জানান।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ উল্লেখ করেন, গত ২২ সেপ্টেম্বর সংসদীয় কমিটিতে সরকার ৭২ ঘন্টার মধ্যে শিক্ষকদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার, অভিযুক্ত ২১ জন সন্ত্রাসীর গ্রেফতার ও বিচারের প্রক্রিয়া ত্বরান্বিত করাসহ বিশ্ববিদ্যালয় অঙ্গনের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করার আশ্বাস দিয়েছিল। নেতৃবৃন্দ বলেন, দেরীতে হলেও যথেষ্ট সাক্ষ্যপ্রমাণ না থাকায় শিক্ষকদেরকে মামলা থেকে অব্যাহতি দেয়া হয়েছে। কিন্তু মামলা সম্পূর্ণভাবে প্রত্যাহার না করায় নেতৃবৃন্দ ভবিষ্যতে পুনরায় হয়রানির আশংকা ব্যক্ত করেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, সকল ইতিবাচক পদক্ষেপ বিবেচনা করে এবং একাডেমিক ক্ষতি এড়ানোর জন্য ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের অফিসার-কর্মচারীবৃন্দ কাজে যোগ দিয়েছেন। আগামী ১৪ অক্টোবর অনুষ্ঠেয় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায়ও ইতিবাচক সিদ্ধান্ত নেয়া সম্ভব হবে বলে নেতৃবৃন্দ আশা প্রকাশ করেন।

নেতৃবৃন্দ বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল না হওয়া পর্যন্ত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আন্দোলন চলতে থাকবে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সভাপতি প্রফেসর মুস্তাহিদুর রহমান। উপস্থিত ছিলেন ডঃ আব্দুর রহিম, ডঃ সাঈদুর রহমান, প্রফেসর সালাহউদ্দীন, ডঃ মঞ্জুরুল আমিন প্রমুখ।

পরে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত হয়। সভার প্রস্তাবে ছাত্রছাত্রীদের কথা বিবেচনা করে কর্মবিরতি প্রত্যাহারের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রতি আহ্বান জানান হয়।

প্রস্তাবে রাজশাহী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার আগে শিক্ষার উপযুক্ত পরিবেশ নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষ ও সরকারের প্রতি আহ্বান জানান হয়। ফেডারেশন তাদের দাবী আদায়ের লক্ষ্যে আগামী ৮ নবেম্বর কেন্দ্রীয় শহীদ মিনারে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতীক অনশন এবং নবেম্বরের শেষ সপ্তাহে ঢাকায় শিক্ষকদের মহাসমাবেশের কর্মসূচী ঘোষণা করেছে।